

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮০৪

১/ বিবিধ

আরবী

الإيمان بالقدر يذهب الهم والحزن ضعيف

رواه القضاعي في " مسند الشهاب " (1 / 18) عن أبي سعيد الحسن بن أحمد الطوسي قال: أخبرنا جماهر بن محمد قال: أخبرنا علي بن الحسين قال: أخبرنا المزاحم بن عوام عن الأوزاعي عن عمرو بن أبي لبابة عن أبي هريرة مرفوعا. قلت: وهذا إسناد مظلم لم أعرف منه أحدا من رواة غير الأوزاعي، ولا أعرف في الرجال (عمرو) فلعل في النسخة تصحيحا. ثم وقفت على الحديث عند الديلمي في " مسند الفردوس " (1 / 2 / 359) من طريق الحاكم، فرأيت فيه " عبدة بن أبي لبابة " وهو ثقة، فالآفة ممن دونه. والحديث أورده السيوطي في " الجامع الصغير " من رواية الحاكم في " تاريخه " والقضاعي عن أبي هريرة، فقال المناوي: " وفيه السري بن عاصم الهمداني مؤدب المعتز، قال في " الميزان " : وهاه ابن عدي وقال: يسرق الحديث، وكذبه ابن خراش، قال: ومن بلاياه هذا الخبر، وأورده ابن الجوزي في " الواهيات " وقال: السري قال ابن حبان: " لا يحل الاحتجاج به ". قلت: وسبقت ترجمته بآتم منه في الحديث الذي قبله، لكنه ليس هو في إسناد القضاعي والحاكم كما رأيت، وهو يرويه عن محمد بن مصعب: حدثنا الأوزاعي به كما في " الميزان

বাংলা

৮০৪। তকদীরে বিশ্বাস স্থাপন চিন্তা ও বিষণ্ণতা দূর করে।

হাদীছটি দুর্বল।

এটি কাযাঈ "মুসনাদুশ শিহাব" (১/১৮) গ্রন্থে আবু সাঈদ আল-হাসান ইবনু আহমাদ আত-তূসী হতে তিনি জামাহির ইবনু মুহাম্মাদ হতে তিনি আলী ইবনুল হুসাইন হতে তিনি আল-মাযাহেম ইবনু আওয়াম হতে তিনি আওয়াজ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি অন্ধকারাচ্ছন্ন। আওয়াজ ছাড়া এ সনদটির বর্ণনাকারীদের একজনকেও আমি চিনি না।

অতঃপর আমি দাইলামীর "মুসনাদুল ফিরদাউস" (১/২/৩৫৯) গ্রন্থে হাকিমের সূত্রে হাদীছটি সম্পর্কে অবহিত হয়েছি। তাতে আবাদাহ ইবনু আবী লুবাবাহ রয়েছে, তিনি নির্ভরযোগ্য। সমস্যা হচ্ছে তার নীচের বর্ণনাকারীদের মধ্যে।

সুযুতী হাদীছটি হাকিম কর্তৃক তার "আত-তারীখ" গ্রন্থের বর্ণনা এবং কাযাঈর বর্ণনা হতে "আল-জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। মানবী বলেনঃ তাতে আস-সারিউ ইবনু আসেম হামদানী রয়েছেন। যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার সম্পর্কে বলেনঃ তাকে ইবনু আদী দুর্বল আখ্যা দিয়েছেন। আরো বলেছেনঃ তিনি হাদীছ চোব। তাকে ইবনু খাররাশ মিথ্যুক আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেনঃ হাদীছটি তার বিপদগুলোর একটি। ইবনুল জাওয়ী হাদীছটি তার "আল-ওয়াহিয়াত" গ্রন্থে উল্লেখ করেছেন। আস-সারিউ সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা হালাল নয়। তার সম্পর্কে পূর্বের হাদীছটিতে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71683>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন